# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৩৮]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ৪: রুকূতে হাতের আঙ্গুল রাখার স্থান

## باب مواضع أصابع اليدين في الركوع

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سُلَيْمَانَ الرَّهَاوِيُّ، قال: حَدَّثَنَا حُسَيْنٌ، عَنْ زَائِدَةَ، عَنْ عطَاءٍ، عَنْ سَالِمٍ أَبِي عَبْدِ اللَّهِ، عَنْ عُقْبَةَ بْنِ عَمْرٍو، قال: أَلَا أُصَلِّي لَكُمْ كَمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي، فَقُلْنَا: بَلَى فَقَامَ فَلَمَّا رَكَعَ وَضَعَ رَاحَتَيْهِ عَلَى رُكْبَتَيْهِ وَجَعَلَ أَصَابِعَهُ مِنْ وَرَاءِ رُكْبَتَيْهِ وَجَافَى إِبْطَيْهِ حَتَّى اسْتَقَرَّ كُلُّ شَيْءٍ مِنْهُ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ حَتَّى اسْتَوَى كُلُّ شَيْءٍ مِنْهُ، ثُمَّ سَجَدَ فَجَافَى إِبْطَيْهِ حَتَّى اسْتَقَرَّ كُلُّ شَيْءٍ مِنْهُ، ثُمَّ قَعَدَ حَتَّى اسْتَقَرَّ كُلُّ شَيْءٍ مِنْهُ، ثُمَّ سَجَدَ حَتَّى اسْتَقَرَّ كُلُّ شَيْءٍ مِنْهُ، ثُمَّ صَنَعَ كَذَلِكَ أَرْبَعَ رَكَعَاتٍ، ثُمَّ قَالَ: هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي وَهَكَذَا كَانَ يُصَلِّي بِنَا .

تخریج دارالدعوہ: انظر ما قبلہ (صحیح) (مگر انگلیوں والا ٹکڑا صحیح نہیں ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1038 - صحيح إلا جملة الأصابع

বাংলা

১০৩৭. আহমাদ ইবনু সুলায়মান আর রহাবী (রহ.) ..... উক্ববাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বললেন, আমি কি তোমাদের জন্যে ঐরূপ সালাত আদায় করব না যেরূপ আমি রাসূলুল্লাহ (সা.)-কে সালাত আদায় করতে দেখেছি? আমরা বললাম, হ্যা। তখন তিনি দাঁড়ালেন। যখন তিনি রুকূ’ করলেন তখন তার দু’হাত তার উভয় হাঁটুর উপর রাখলেন। আর আঙ্গুলসমূহ রাখলেন তার হাঁটুর নিচের দিকে। আর তাঁর বগল (পার্শ্বদেশ হতে) পৃথক

রাখলেন। তখন তাঁর সমস্ত অঙ্গ সোজা হয়ে গেল। এরপর তিনি তাঁর মাথা উঠালেন এবং দাঁড়িয়ে গেলেন। তখন তাঁর সকল অঙ্গ সোজা হয়ে গেল। অতঃপর সিজদা করলেন এবং তার বগল (পার্শ্বদেশ হতে) পৃথক রাখলেন এবং তাঁর সমস্ত অঙ্গ সোজা হয়ে গেল। এরপর বসলেন এবং সকল অঙ্গ সোজা হয়ে গেল, অতঃপর আবার সিজদা করলেন এবং সমস্ত অঙ্গ সোজা হয়ে গেল। এরূপে চার রাকআত আদায় করলেন। এরপর বললেন, এরূপেই আমি রাসূলুল্লাহ (সা.)-কে সালাত আদায় করতে দেখেছি। আর তিনি এভাবেই আমাদেরকে নিয়ে সালাত আদায় করতেন।

সহীহঃ ... وَجَعَلَ أَصَابِعَهُ বাদে হাদীসটি সহীহ। আবু দাউদ ৮৬৩, মুসনাদে আহমাদ ১৭১১৭, দারিমী ১৩০৪, সহীহ ইবনু খুযায়মাহ ৫৯৮, সহীহ আবু দাউদ ৭০৯, ইর্‌ওয়াউল গালীল ৩৫৬।

## English

4. Where To Place The Fingers When Bowing

It was narrated that 'Uqbah bin 'Amir said: Shall I not show you how I saw the Messenger of Allah (ﷺ) pray? We said: Yes. So he stood up and when he bowed, he placed his palms on his knees and put his fingers behind his knees, and held his arms out from his sides, until every part of him settled. Then he raised his head and stood up until every part of him settled. Then he prostrated and held his arms out from his sides, until every part of him settled. Then he sat up until every part of him settled. Then he prostrated again until every part of him settled. Then he did four rak'ahs like that. Then he said: This is how I saw the Messenger of Allah (ﷺ) pray, and this is how he used to lead us in prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87411

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন